

২২  
Ripam

# টাঙ্গুর ২০০৭-০৮ শিক্ষাবর্ষে ভর্তির জন্য ফরম বিক্রি শুরু হবে ৪ নভেম্বর ৩০ নভেম্বর থেকে ভর্তিযুদ্ধ শুরু

## বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে অনার্সে ভর্তির জন্য ফরম বিক্রি শুরু হবে ৪ নভেম্বর। টানা তিন সপ্তাহ চলবে ফরম বিক্রয়। বাণিজ্য অনুমদভুক্ত 'গ' ইউনিটের পরীক্ষার মধ্য দিয়ে ৩০ নভেম্বর থেকে শুরু হবে ভর্তি যুদ্ধ। এবার শিক্ষার্থী ভর্তি করা হবে মোট ৪ হাজার ৫৮৪টি আসনে। গতকাল (বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটির সভায় এসব সিদ্ধান্ত হয়। সকাল ১১টায় ভর্তি কমিটির প্রধান বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এস এম এ ফায়েজের সভাপতিত্বে নওয়াব আলী চৌধুরী সিনেট ডবনে এ সভা অনুষ্ঠিত হয়। সভা সূত্রে জানায়, আগামী ৪ নভেম্বর থেকে ভর্তি ফরম বিক্রি শুরু হবে। ফরম বিক্রি ও জমা নেয়া চলবে ১৮ নভেম্বর পর্যন্ত। বিশ্ববিদ্যালয়ে অবস্থিত তিনটি বাণিজ্যিক ব্যাংকের শাখা থেকে ফরম বিক্রি করা হবে। জমা দিতে হবে সংশ্লিষ্ট অনুমদের ডিনের কার্যালয়ে। কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুমদভুক্ত 'খ' এবং বিভাগ পরিবর্তনকারী 'ঘ' ইউনিটের ভর্তি ফরম বিক্রি করা হবে টিএসসিতে অবস্থিত জনতা ব্যাংক থেকে, বাণিজ্য অনুমদভুক্ত 'গ' ইউনিটের ভর্তি ফরম প্রশাসনিক ডবনের সোনালী ব্যাংক, বিজ্ঞান, জীববিজ্ঞান ও ফার্মেসি অনুমদভুক্ত 'ক' ইউনিটের ভর্তি ফরম কার্জন হলে অবস্থিত অগ্রণী ব্যাংকের শাখা থেকে। ভর্তি ফরমের মূল্য বিগত বছরের ন্যায় ২৫০ টাকা রাখা হয়েছে। ভর্তি পরীক্ষার আবেদনের যোগ্যতা এবার বাণিজ্য অনুমদ ছাড়া অন্য অনুমদে কোন পরিবর্তন করা হয়নি। বাণিজ্য অনুমদে আগের চতুর্থ বিষয়

ছাড়া জিপিএ-৬.৫ থেকে বাড়িয়ে জিপিএ-৭ নির্ধারণ করা হয়েছে। এছাড়া অন্য অনুমদগুলোতে যথাক্রমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে চতুর্থ বিষয় ছাড়া ৭.৫ প্রাপ্তরা 'ক' ইউনিটে, জিপিএ-৬ প্রাপ্তরা 'খ' ইউনিটে এবং বিভাগ পরিবর্তনকারী 'ঘ' ইউনিটের পরীক্ষা দেয়ার জন্য আগত অনুমদে পরীক্ষা দেয়ার যোগ্যতা থাকতে হবে। আগামী ৩০ নভেম্বর বাণিজ্য অনুমদভুক্ত 'গ' ইউনিটের মধ্য দিয়ে এবার ভর্তি পরীক্ষা শুরু হবে। এছাড়া ৭ ডিসেম্বর বিজ্ঞান, জীববিজ্ঞান ও ফার্মেসি অনুমদভুক্ত 'ক' ইউনিটের, ২৪ ডিসেম্বর কলা ও আইন অনুমদভুক্ত 'খ' ইউনিটের এবং বিভাগ পরিবর্তনকারী 'ঘ' ইউনিটের পরীক্ষা আগামী ৪ জানুয়ারি অনুষ্ঠিত হবে। এবার চারটি ইউনিটে ৪ হাজার ৫৮৪ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। এগুলো হলো 'ক' ইউনিটে ১ হাজার ৩৪৮ জন, 'খ' ইউনিটে ২ হাজার ৩৮৬ জন, 'গ' ইউনিটে ৮৫০ জন এবং 'ঘ' ইউনিটে ৪৫০ জন শিক্ষার্থী ভর্তি হতে পারবে। এবার প্রত্যেক ইউনিটের পরীক্ষায় প্রশ্ন থাকবে ১২০টি করে। 'ক' ইউনিটের পরীক্ষায় সময় দেয়া হবে পৌনে ২ ঘণ্টা। অন্য তিনটি বিভাগের পরীক্ষার সময় ১ ঘণ্টা। এবারও জুল উত্তরের জন্য নম্বর কাটা হবে। এক্ষেত্রে এমসিকিউর পাঁচটি অপশনের ক্ষেত্রে একটি প্রশ্নের মানের এক-পঞ্চমাংশ এবং চারটি অপশনের ক্ষেত্রে এক-চতুর্থাংশ নম্বর কাটা হবে। গত বছর পরীক্ষা অনুষ্ঠানের ১৫ দিনের মধ্যে ফল প্রকাশের বিধান ছিল। ভর্তি পরীক্ষায় নম্বর নির্ধারণ থাকছে ১২০। ৪৮ প্রাপ্তরা উত্তীর্ণ বলে বিবেচিত। মেধা তালিকা নির্ধারণ করা হবে ২০০ নম্বরের মধ্যে। এক্ষেত্রে এসএসসি ১৫ ভাগ ও এইচএসসিতে ২৫ ভাগ এবং ভর্তি পরীক্ষায় ৬০ ভাগ ধরে মেধাতালিকা প্রণীত হবে। কোন বিভাগে কতজন ভর্তি করা হবে প্রশাসনিক ডবন সূত্রে জানায়, এবার

মোট ৫৩টি বিভাগ ও ইনস্টিটিউটে ৪ হাজার ৫৮৪ জনকে ভর্তি করা হবে। কলা অনুমদের আসনসংখ্যা মোট ১ হাজার ১৮১টি। এগুলোর মধ্যে বাংলা ১৩২, ইংরেজি ১৩২, আরবি ১১০, সংস্কৃত ও পালি ৭৩ (৫৫+১৮), উর্দু ও ফার্সি ৫৬, ইসলামী শিক্ষা ১১০, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১১০, ইতিহাস ১৩৮, দর্শন ১৬৫, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা ৫৫, নাট্যকলা ও সঙ্গীত ৩০, ভাষাতত্ত্ব ২০ এবং বিশ্বধর্মতত্ত্বে ৫০ জন। সামাজিক বিজ্ঞান অনুমদে মোট ১০৫৫ জন ভর্তি করা হবে। এগুলোর মধ্যে রাষ্ট্রবিজ্ঞান ২২০, সমাজবিজ্ঞান ২২০, ন-বিজ্ঞান ৫৫, অর্থনীতি ১৩৮, আন্তর্জাতিক সম্পর্ক ১১০, গণযোগাযোগ ও সাংবাদিকতা ৬৬, লোকপ্রশাসন ১৩৮, সমাজকল্যাণ ৮৩, শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন ১০ ও উইমেন স্টাডিজ ১৫ জন। আইন অনুমদের আইন বিভাগে ১৫০ জনকে ভর্তি করা হবে। বিজ্ঞান অনুমদের গণিত ১৩০, পদার্থবিজ্ঞান ১৪০; ফলিত পদার্থবিজ্ঞান ও ইলেকট্রনিক্স ৭০, রসায়ন ৯০, ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি ৬০, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ৬০, ভূগোল ও পরিবেশ ১০০, ভূতত্ত্ব ৫০, পরিসংখ্যান ৮৮ ও ফলিত পরিসংখ্যানে ৫০ জন। জীববিজ্ঞান অনুমদের অণুজীব বিজ্ঞান ৩০, উদ্ভিদবিজ্ঞান ৭৫, প্রাণরসায়ন ও মলিকুলার বায়োলজি ৫৫, প্রাণবিদ্যা ৮০, মনোবিজ্ঞান ৮০, মৃত্তিকা পানি ও পরিবেশ বিভাগ ৭৫, খাদ্য ও পুষ্টিবিজ্ঞান ২৫, মৎস্যবিজ্ঞান ২০, জেনেটিক ইঞ্জিনিয়ারিংয়ে ১০ এবং ফার্মেসিতে ৬০ জন। বিজ্ঞানের স্টাডিজ অনুমদের বিজ্ঞানস স্টাডিজ, ম্যানেজমেন্ট স্টাডিজ, ফিন্যান্স ও মার্কেটিংয়ের প্রত্যেক বিভাগে ১৭৫ জন করে এবং ব্যাংকিংয়ে ৮৭ ও ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমে ৬৩ জন ভর্তি করা হবে।